

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শৃঙ্খলা বিষয়ক শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.০৯৫.২৭.১৮.২০২৩. ৬৩

তারিখ: ২৬ মার্চ ১৪৩০ বঙ্গাব্দ
২২ ডেব্রুয়ারি ২০২৪ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব রওশন আরা বেগম (৭৯৪৭), সহকারী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে গত ০৯/১২/২০১২ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, উক্ত কারণ দর্শানো নোটিশ তাঁর বর্তমান কর্মস্থল ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলে তিনি ০৭/০৬/২০২৩ তারিখে কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেন। উক্ত জবাব সন্তোষজনক নয়। উল্লেখ্য, ০৮/১২/২০১৭ তারিখে তাঁর অনুপস্থিতকাল ০৫ (পাঁচ) বছর পূর্ণ হয়েছে;


যেহেতু, জনাব রওশন আরা বেগম (৭৯৪৭) দীর্ঘদিন বিদেশে থাকায় এবং এ সংক্রান্ত তথ্য হালনাগাদ না থাকায় যথাসময়ে তাঁর বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা যায়নি। দেখা যায়, তাঁর আবেদন ফরমে জন্ম তারিখ ০১ জানুয়ারি ১৯৬৩। সে মোতাবেক জনাব রওশন আরা বেগম এর নিয়মিত অবসর গ্রহণের তারিখ ছিল ৩১ ডিসেম্বর ২০২১। এ পর্যায়ে জনাব রওশন আরা বেগম (৭৯৪৭), সহকারী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান) এর বিরুদ্ধে চাকরিতে শৃঙ্খলাজনিত কারণে বি.এস.আর পাট-১ এর বিধি অনুযায়ী তাকে ০৯/১২/২০১২ তারিখ হতে ভূতাপেক্ষভাবে চাকরি হতে অবসান (Ceases to be in Government employ) করা এবং গত ৩১ ডিসেম্বর ২০২১ এর পূর্বে তা কার্যকর করা প্রয়োজন;

যেহেতু, বি.এস.আর.পাট-১ এর বিধি-৩৪ অনুযায়ী জনাব রওশন আরা বেগম-কে চাকরি হতে অবসান (Ceases to be in Government employ) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং উক্ত সিদ্ধান্তের সাথে মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব রওশন আরা বেগম (৭৯৪৭), সহকারী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা -কে বি.এস.আর. পাট-১ এর বিধি-৩৪ অনুযায়ী ০৯/১২/২০১২ তারিখ হতে সরকারি চাকরি হতে অবসান (Ceases to be in Government employ) করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



২২/০২/২৪
(সোলেমান খান)
সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.০৯৫.২৭.১৮.২০২৩. ৬৩/২(২)

তারিখ: ২৬ মার্চ ১৪৩০ বঙ্গাব্দ
২২ ডেব্রুয়ারি ২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব রওশন আরা বেগম এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
৩. মাননীয় শিক্ষামন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অধ্যক্ষ.....।
৭. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা -----।
৯. জনাব রওশন আরা বেগম (৭৯৪৭), সহকারী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


২২/০২/২০২৪
(মো: শাহীনুর ইসলাম)
উপসচিব